



একটি বাড়ি একটি খামার প্রকল্পের মাঠ সহকারী পদে মৌখিক পরীক্ষা সংক্রান্ত গণবিজ্ঞপ্তি



একটি বাড়ি একটি খামার প্রকল্পের আওতায় উপজেলা পর্যায়ের মাঠ সহকারী পদে নিয়োগ প্রদানের লক্ষ্যে লিখিত পরীক্ষা গত ২৬ জানুয়ারি' ২০১৮ তারিখে জেলা পর্যায়ে অনুষ্ঠিত হয়। লিখিত পরীক্ষার ফলাফল ইতোমধ্যে প্রকল্পের ওয়েবসাইট www.ebek-rdcd.gov.bd-তে প্রকাশ করা হয়েছে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণদের মৌখিক পরীক্ষা চলতি এপ্রিল' ২০১৮ মাসের যে কোন সময় প্রার্থীদের নিজ জেলার জেলা প্রশাসকের কার্যালয়ে অনুষ্ঠিত হবে। উত্তীর্ণ পরীক্ষার্থীদের আবেদনের সময় প্রদত্ত মোবাইল নম্বরে মৌখিক পরীক্ষা সংক্রান্ত এসএমএস প্রেরণের পাশাপাশি প্রকল্পের ওয়েবসাইটেও জেলাভিত্তিক মৌখিক পরীক্ষার তারিখ ও সময় প্রকাশ করা হচ্ছে। কারিগরী কারণে এসএমএস পাওয়া না গেলেও প্রার্থীদের নিজ উদ্যোগে নিজ নিজ জেলার জেলা প্রশাসকের কার্যালয়ের নোটিশ বোর্ড কিংবা উপপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড-এর দপ্তর হতে মৌখিক পরীক্ষা সংক্রান্ত তথ্যাদি জেনে নেয়ার জন্য পরামর্শ প্রদান করা হলো। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীগণকে নিম্নবর্ণিত কাগজপত্রাদি প্রদর্শন/ জমা প্রদান করতে হবেঃ

- ১। লিখিত পরীক্ষার প্রবেশপত্র ও জাতীয় পরিচয়পত্র প্রদর্শন;
- ২। আবেদনপত্রে বর্ণিত সকল শিক্ষা সনদ ও অন্যান্য সনদের মূলকপি প্রদর্শন;
- ৩। ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি এবং আবেদনপত্রে বর্ণিত সকল শিক্ষা সনদ ও অন্যান্য সনদের সত্যায়িত অনুলিপি জমা প্রদান;
- ৪। মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে মুক্তিযোদ্ধা মন্ত্রণালয় থেকে প্রদত্ত সনদসহ মুক্তিযোদ্ধা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশিত পোষ্য সংক্রান্ত তথ্যাদি এবং স্ব-স্ব ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন হতে প্রদত্ত ওয়ারিশান সনদের মূলকপি প্রদর্শন ও সত্যায়িত কপি জমা প্রদান;
- ৫। প্রতিবন্ধীদের ক্ষেত্রে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সমাজসেবা অধিদপ্তর প্রদত্ত সনদপত্র প্রদর্শন এবং সত্যায়িত অনুলিপি জমা প্রদান;
- ৬। অন্যান্য কোটার ক্ষেত্রেও প্রমাণক জমা প্রদান করতে হবে।

এছাড়াও মৌখিক পরীক্ষা সংক্রান্ত সকল ধরনের তথ্য প্রকল্পের ওয়েবসাইট www.ebek-rdcd.gov.bd-তে পাওয়া যাবে।

প্রকল্প পরিচালক
একটি বাড়ি একটি খামার প্রকল্প